

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২২- ২৪০০

প্রতি : উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
সদর/কালকিনি/রাজৈর/শিবচর, মাদারীপুর।

বিষয় : প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।


সূত্র : আনসার ও ভিডিপি, ঢাকা রেঞ্জ স্মারক নং ৪৪.০৩.৩০২৬.০০১.০০.০০০.২২-৩৫১৮, তারিখ : ২৯/১১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবগতি ও কার্যক্রমের জন্য উপস্থাপন করা যাচ্ছে যে, আগামী ০৪/১২/২০২২ খ্রি. হতে ২৪/১২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা প্রশিক্ষণ (২য় ধাপ) ১৭ আনসার ব্যাটালিয়ন, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে বর্ণিত ছক মোতাবেক কোটা অনুযায়ী যথাসময়ে অব্যর্থভাবে ওয়ার্ড দলনেতা পদে যোগ্য প্রশিক্ষণার্থী বাছাই করে সরকারী স্বাস্থ্যবিধি অনুসরণ করে নামীয় তালিকাসহ বর্ণিত তারিখে অত্র জেলা কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রশিক্ষণের নাম	মেয়াদ ও স্থান	প্রশিক্ষণ কাল	জেলা কার্যালয়ে প্রেরণের তারিখ	প্রশিক্ষণার্থীর কোটা	মন্তব্য
ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা প্রশিক্ষণ-২য় ধাপ	২১ দিন ১৭ বিএন, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা	০৪/১২/২০২২ হতে ২৪/১২/২০২২ পর্যন্ত	০৩/১২/২০২২ পূর্বাহ্নে	সদর-০৫, কালকিনি-০১, রাজৈর-০২, শিবচর-০১	

নির্দেশনা :

- প্রশিক্ষণ নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী উপরোক্ত প্রশিক্ষণের জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাস হতে হবে এবং ভিডিপি প্রাটনভুক্ত ও অবশ্যই ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। জাতীয় পরিচয় পত্র সঙ্গে আনতে হবে।
- বয়স ১৮ হতে ৩০ বৎসর হতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোন অবস্থাতেই অসুস্থ, অযোগ্য এবং অনিচ্ছুক কোনো প্রশিক্ষণার্থীকে প্রেরণ করা যাবে না।
- প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণে যোগদানের সময় ভিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহণের মূল সনদ এবং শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অবশ্যই সঙ্গে আনতে হবে। সেই সাথে ভিডিপি প্রাটনভুক্তির সনদ থাকতে হবে।
- সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে এবং পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ সঙ্গে আনতে হবে।
- উপরোল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে প্রশিক্ষণার্থীদের যথাসময়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- প্রশিক্ষণ সংক্রান্ত এ পত্রটি সকল উপজেলা নোটিশবোর্ড এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টানাতে হবে।



মুহাম্মদ মিজানুর রহমান
বিএডি নং ১৫০০০০০৪২
সহকারী জেলা কমান্ড্যান্ট ও
জেলা কমান্ড্যান্ট (চলতি দায়িত্ব)
আনসার ও ভিডিপি, মাদারীপুর।

ই-মেইল : dcmadaipur@ansarvdp.gov.bd

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২২-

অনুলিপি :

- উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা রেঞ্জ, ঢাকা।
- অফিস/মাস্টার কপি।

সদয় অবগতির জন্য।

সংরক্ষণের জন্য।

জেলা কমান্ড্যান্ট (চলতি দায়িত্ব)
আনসার ও ভিডিপি, মাদারীপুর।